



বিষয়: তৈরি পোশাক খাতের সার্ভিস সেক্টরে বায়িং হাউসকে আর্থিক প্রণোদনা প্রদান প্রসঙ্গে:-



From BGBA <info@bgbabd.org>

To [secretary@finance.gov.bd](mailto:secretary@finance.gov.bd)

[minister@finance.gov.bd](mailto:minister@finance.gov.bd) , [minister@mincom.gov.bd](mailto:minister@mincom.gov.bd) , [minister@motj.gov.bd](mailto:minister@motj.gov.bd) , [psecy@pmo.gov.bd](mailto:psecy@pmo.gov.bd) ,  
[secy@mincom.gov.bd](mailto:secy@mincom.gov.bd) , [sectext@gmail.com](mailto:sectext@gmail.com) , [governor@bb.org.bd](mailto:governor@bb.org.bd) , [ahmed.jamal@bb.gob.bd](mailto:ahmed.jamal@bb.gob.bd) ,  
[farah.naser@bb.gob.bb](mailto:farah.naser@bb.gob.bb) , [psecyps@pmo.gov.bd](mailto:psecyps@pmo.gov.bd) 10 more...

Bcc [info@bgbabd.org](mailto:info@bgbabd.org)

Date 15/04/2020 1:09 pm

Dear Sir,

Greetings fro BGBA.

Reference to the subject, We are enclosing letter BGBA/MOF/478/2020.

Kindly acknowledge and oblige thereby.

Thanks and Regards

Aminul Islam  
Secretary General/Director-Members  
Cell: +8801714134387

---

**Bangladesh Garment Buying House Association(BGBA)**





## Bangladesh Garment Buying House Association

House # 37 Flat #C-1 (1<sup>st</sup>Fl) Road No. # 27, Block # A, Banani, Dhaka -1213. Bangladesh  
Web:www.bgbabd.org E-mail:info@bgbabd.org Hotline:+8801673230851 Tel:+880255033375-76

বিজিবিএ/মওফ/৪৭৮/২০২০  
১৫ই এপ্রিল, ২০২০ইং

মাননীয়  
অর্থ সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ তৈরি পোশাক খাতের সার্ভিস সেক্টরে বায়িং হাউসকে আর্থিক প্রণোদনা প্রদান প্রসঙ্গে:-

মহোদয়,

বাংলাদেশ হতে রপ্তানি খাতে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনার জন্য অর্থ বিভাগে আপনার মাধ্যমে আমি বাংলাদেশ গার্মেন্ট বাইং হাউস এসোসিয়েশন (বিজিবিএ) এর পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রীর কাছে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আপনি জানেন যে, বাংলাদেশের ইতিহাসে প্রথম তৈরি পোশাক রপ্তানী শুরু হয় বায়িং হাউজের হাত ধরে এবং রপ্তানির আশি ভাগ (৮০%) হয়ে থাকে তৈরি পোশাক। রপ্তানির ক্ষেত্রে বিদেশী বায়ারদের নিকট হতে তৈরি পোশাকের রপ্তানী আদেশের প্রথম এলসি এনে রপ্তানিকারককে উৎপাদন প্রক্রিয়া বুঝিয়ে ট্রেডিং এর কাজ করে বাইং হাউস। তৈরি পোশাক রপ্তানির শুরু থেকেই ট্রেডিং এর কাজটি করে আসছে বিধায় বিগত ৯ই জানুয়ারী ২০২০, বঙ্গ দিবসে মাননীয় প্রধানমন্ত্রী তৈরি পোশাক রপ্তানিতে উল্লেখযোগ্য অবদানের জন্য অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে বাংলাদেশ গার্মেন্ট বাইং হাউস এসোসিয়েশনকে সম্মাননা প্রদান করেন। বায়িং হাউসগুলো বঙ্গ আইন, ২০১৮ অনুযায়ী বঙ্গ ও পাট মন্ত্রণালয়ের অধীন বঙ্গ অধিদপ্তরে নিবন্ধিত। তাছাড়া তৈরি পোশাক খাতে একমাত্র বাইং হাউসগুলোই সরকারকে অগ্রিম রাজস্ব পরিশোধ করে ব্যবসা করে আসছে। উল্লেখ্য যে, বায়িং হাউসগুলো বছরে আনুমানিক এক হাজার কোটি টাকার অধিক সরকারকে রাজস্ব দিয়ে থাকে এবং বায়িং হাউসগুলো ব্যাংকের কোনরূপ অর্থ ঋণ ছাড়াই নিজস্ব অর্থায়নে পরিচালনা করে আসছে।

বিশ্বব্যাপী করোনা ভাইরাসের সংক্রমণের কারণে বাংলাদেশে তৈরি পোশাক খাত সর্বাধিক ক্ষতিগ্রস্ত। বাইং হাউসে কর্মরত মার্চেন্টাইজার, ডিজাইনার, কোয়ালিটি কন্ট্রোলে নিয়াজিত কর্মীগণ ও ম্যানেজারসহ প্রায় চার লক্ষাধিক দক্ষ শিক্ষিত কর্মী বর্তমানে প্রায় বেকার এবং বিশ্বব্যাপী ও বাংলাদেশের বর্তমান পরিস্থিতি ঘরে বসে বায়ারদের সাথে যোগাযোগ করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। এক দিকে দক্ষ ও শিক্ষিত কর্মীদের কাজ নেই, অপরদিকে বাইং হাউস এর হাতে বিদেশী বায়ার এর রপ্তানী আদেশ/অর্ডার নেই। এ-এক অনিশ্চিত অবস্থায় বাইং হাউসের মালিকগণকে এই সার্ভিস সেক্টরের দক্ষজনবলকে ধরে রাখতে বেতনভাতাদি দিতে হিমশিম খাচ্ছেন ও বন্ধ হওয়ার উপক্রমে আছে। এক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর প্রণোদনা প্যাকেজটির নীতি নির্ধারণে বাইং হাউসগুলোকে সহজতর প্রণোদনা প্রাপ্তি নিশ্চিত হলে বঙ্গখাত টেকসই এবং আবারো ঘুরে দাড়াতে বলে আমরা বিশ্বাস করি।



## Bangladesh Garment Buying House Association

House # 37 Flat #C-1 (1<sup>st</sup>Fl) Road No. # 27, Block # A, Banani, Dhaka -1213. Bangladesh  
Web:www.bgbabd.org E-mail:info@bgbabd.org Hotline:+8801673230851 Tel:+880255033375-76

এমতাবস্থায়, সর্বমহলে প্রশংসিত সরকারের আর্থিক প্রণোদনা প্যাকেজটি বস্ত্রখাতে নিয়োজিত বাইং হাউসের জন্য সহজতর প্রণোদনা প্রাপ্তি নিশ্চিত করার প্রয়োজনীয় নীতি নির্ধারণের জন্য বাংলাদেশ গার্মেন্ট বাইং হাউস এসোসিয়েশনের পক্ষ হতে বিনীত অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

কাজী ইফতেখার হোসাইন  
সভাপতি  
মোবাঃ +৮৮০১৭১১৫৩৭১১০

অনুলিপিঃ

- ১) মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মাননীয় মন্ত্রী, বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫) মাননীয় সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) মাননীয় সচিব, বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৮) ডেপুটি গভর্নর, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।